# ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯

রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।

নথি নং-২৬.০২.০০০০.০৫৫.৫৩.১৫৯.১৪/ ৫৭ তারিখঃ ২৮/১১/২০১৮ খ্রিঃ

## ২৪ তম ডিআইটিএফ-২০১৯ এর নিম্নোক্ত কাজের ইজারা বরাদ্দের জন্য দরপত্র/আবেদনপত্র আহবান

০৯ জানুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ সময়কালে অনুষ্ঠিতব্য ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ এর নিম্নোক্ত কাজের জন্য স্বনামধন্য, প্রতিষ্ঠিত ও রেজিস্টার্ড কোম্পানির নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে দরপত্র/আবেদন আহবান করা যাচ্ছেঃ

| মেলার বিভিন্ন ক্যাটাগরির কাজের নাম/প্রকৃতি, প্রসেসিং ফি, রয়্যালটির সর্বনিম্ন মূল্য/ফ্লোর মূল্য/হার | | | |
|---|---|---|---|
| ক্রম | কাজের প্রকৃতি/নাম | সর্বনিম্ন ফ্লোর মূল্য (টাকায়) | প্রসেসিং ফি/দরপত্র মূল্য (টাকায়) |
| ০১. | উড়ন্ত বেলুনে বিজ্ঞাপন প্রচার (১১টি) | ১৫,০০০/- (পনের হাজার) (প্রতিটির) | ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) |
| ০২. | ইলেক্ট্রনিক মিডিয়া পার্টনার | ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) | ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) |
| ০৩. | রেডিও পার্টনার | ১,২৫,০০০/-(এক লক্ষ পঁচিশ হাজার) | ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) |
| ০৪. | এটিএম বুথ স্থাপন ও পরিচালনা (২ ও ৩ নং) | ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) (প্রতিটির) | ২,৫০০/-(দুই হাজার পাঁচশত) |

০২. নিয়মাবলী/শর্তাবলীঃ

(১) প্রতিটি কাজের দরপত্র নির্ধারিত নিয়মাবলী অনুসরণপূর্বক ও প্রয়োজনীয় কাগজপত্রসহ www.epb.gov.bd/Facebook: Dhaka International Trade Fair-EPB হতে শিডিউল/আবেদনপত্র ফরম ডাউনলোড করে পূরণকৃত হার্ডকপিতে ২৮/১১/২০১৮ খ্রিঃ তারিখ থেকে ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখ দুপর ২:০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন (৫ম তলা), ১ কাওরান বাজার, ঢাকায় পৌঁছাতে হবে;

(২) অন-লাইন দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র স্ক্যান করে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

(৩) প্রতিটি কাজের দরপত্র পৃথক ভাবে দাখিল করতে হবে;

(৪) হার্ডকপির মাধ্যমে দাখিলকৃত প্রতিটি দরপত্রের খামের উপর সংশ্লিষ্ট কাজের নাম উল্লেখ করতে হবে;

(৫) বর্ণিত দরপত্রসমূহ আগামী ১০/১২/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ৪:৩০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর সচিবের কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে;

(৬) ছকে উল্লিখিত প্রতিটি কাজের জন্য নির্ধারিত ফ্লোর মূল্য অপেক্ষা দরপত্রে অধিক দর উদ্ধৃত করা যাবে এবং প্রতিটি কাজের নির্ধারিত ফ্লোর মূল্যের নিম্নে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না;

(৭) প্রতিটি কাজের জন্য দরপত্রে উদ্ধৃত দরের সমুদয় অর্থ এবং আবেদনপত্রের প্রসেসিং ফি/দরপত্রের মূল্যের অর্থ পৃথক পৃথক জমার আকারে ব্র্যাক ব্যাংকের নিম্নোক্ত হিসাবে জমা করে (ক) হার্ড কপি দরপত্র দাখিলের ক্ষেত্রে পূরণকৃত ডিপোজিট স্লিপ (Deposit slip) এবং (খ) অন-লাইনে আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লীপের স্ক্যান কপি সংযুক্ত করতে হবেঃ

হিসাবের শিরোনাম: ''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল (**DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND**)"

ব্যাংকের নাম : ব্র্যাক ব্যাংক লিঃ, (যে কোন শাখা), হিসাব নং-**1501102485103001**

(৮) তবে কেউ চাইলে ফ্লোর মূল্যের অতিরিক্ত উদ্ধৃত দরের অর্থ দেশের যে কোন তফসিলি ব্যাংকেও পে-অর্ডার এর মাধ্যমে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল শিরোনামে জমা দেয়া যাবে। পে-অর্ডারের স্ক্যান কপি অন-লাইনে এবং মূল কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

(৯) সকল দরপত্রের সাথে হালনাগাদ ব্যবসা পরিচালনার ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র, ২০১৭-২০১৮ করবর্ষের কর মামলা নিষ্পত্তির সনদপত্র, হালনাগাদ ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র-এর সত্যায়িত কপি এবং দরপত্রদাতার সদ্য তোলা সত্যায়িত দুই কপি পাসপোর্ট সাইজ এর ছবি সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্র বাছাইয়ের সময় সকল কাগজপত্রের /প্রমাণাদির মূল কপি পেশ করতে হবে;

(১০) ডিআইটিএফ-২০১৯ এর নির্ধারিত সময়ের পর মেলার মেয়াদকাল বৃদ্ধি করা হলে উল্লিখিত প্রতিটি ইজারাকাজের জন্য বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বর্ধিত দিনের/সময়ের জন্য সকল প্রকার করসহ আনুপাতিক হারে অতিরিক্ত মূল্য পরিশোধ করতে হবে;

(১১) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত বর্ণিত প্রতিটি কাজের জন্য মনোনীত/বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বরাদ্দ মূল্য ছাড়াও বরাদ্দ মূল্যের ১৫% অর্থ ভ্যাট বাবদ এবং আয়কর বাবদ বরাদ্দ মূল্যের ৫% অর্থ আয়কর বাবদ চূড়ান্ত কার্যাদেশ প্রাপ্তির পূর্বে মেলা তহবিলে জমা করতে হবে;

(১২) যে সকল প্রতিষ্ঠান ইতোপূর্বে ইপিবি ও ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার কোন কাজে অযোগ্য ঘোষিত হয়েছে অথবা কালো তালিকাভুক্ত হয়েছে সে সকল সংস্থা/প্রতিষ্ঠানের দরপত্র গ্রহণযোগ্য হবে না;

(১৩) দরপত্রের সাথে দাখিলকৃত কোন ডকুমেন্ট জাল/ভুয়া হিসেবে প্রমাণিত হলে মেলা তহবিলে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(১৪) ডিআইটিএফ এর কোন কাজ বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা সম্পাদন করতে অপারগতা প্রকাশ করলে অথবা সম্পাদন না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/শিডিউল/কার্যাদেশ/বরাদ্দপত্রে উল্লিখিত কোন শর্ত ভংগ করলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল হবে এবং রয়্যালটি, ভাড়া, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে উহার জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে;

(১৫) সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত অন্যান্য কর/শুল্ক বা নতুনভাবে ঘোষিত কোন কর আরোপিত হলে তা পরিশোধ করতে হবে;

(১৬) পূর্ববর্তী মেলা বা মেলাসমূহে অংশগ্রহনকারী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট মেলা কর্তৃপক্ষ কোন অর্থ পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তি অথবা উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা তার মালিকানাধীন সকল প্রতিষ্ঠান ডিআইটিএফ-২০১৯ এর কোন দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না এবং এরূপ প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের নামে মেলার কোন কাজ বরাদ্দ করা হবে না;

(১৭) ডিআইটিএফ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ এবং কাজের বরাদ্দ বাবদ মেলা তহবিলে জমাযোগ্য সকল অর্থ www. epb.gov.bd/ Facebook: Dhaka International Trade Fair-EPB থেকে ডিপোজিট স্লীপের নির্ধারিত ফরম প্রিন্ট করে তা পূরণপূর্বক ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় ডিআইটিএফ এর নির্ধারিত হিসাবে জমা করতে হবে। অন্যথায় মেলা তহবিলে অর্থ জমার দাবী গ্রহণযোগ্য হিসাবে গণ্য করা হবে না;

(১৮) মেলার কাজে অংশগ্রহনের উদ্দেশ্যে মেলা তহবিলে অর্থ জমার সমর্থনে ব্যাংক থেকে প্রদত্ত/প্রাপ্ত ডিপোজিট স্লীপে আবেদনকারী/দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ না থাকলে উক্ত ডিপোজিট স্লীপ গ্রহণযোগ্য হিসেবে গণ্য করা হবে না।

(মোহাম্মদ আব্দুর রউফ)
উপপরিচালক (অর্থ) ও
সদস্য-সচিব, ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ সচিবালয়
টিসিবি ভবন (৫ম তলা), ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫

ফোন নং ০২-৫৫০১৩৫৪৪, পিএবিএক্সঃ ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪,৮১৮০০৮৭, ৮১৮০০৯০ এক্সটেনশন নং-১৪০, ফ্যাক্স নং ৮৮০-২-৯১১৯৫৩১
www. epb.gov.bd/ E-mail (পরিচালক, ডিআইটিএফ) : secy@epb.gov.bd/ Facebook: Dhaka International Trade Fair-EPB

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট, ১ কাওরান বাজার, ঢাকা। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধসহ।

২। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়, ১ কাওরান বাজার, ঢাকা। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধসহ।

৩। সচিব, ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি), ১ কাওরান বাজার, ঢাকা। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধসহ।

৪। সচিব, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, ১ কাওরান বাজার, ঢাকা। সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধসহ।

৫। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। EPB's website: www.epb.gov.bd and DITF's facebook page: Dhaka International Trade Fair-EPB-এ বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ।

৬। নোটিশ বোর্ড, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।